সমকাল

তারিখ ..14.AUG.2016...
পৃষ্ঠা ..৩.. কলাম ..৬..

# নিজ উপজেলায় নিয়োগ পাবেন নিবন্ধনে উত্তীর্ণরা

—শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষক নিবন্ধন পরীক্ষায় যারা উত্তীর্ণ হবেন, তাদের নিজ নিজ উপজেলাতেই নিয়োগ দেওয়া হবে। এতে স্কুল, কলেজ বা মাদ্রাসা কর্তৃপক্ষ বা সভাপতির কোনো ধরনের হস্তক্ষেপের সুযোগ থাকবে না।

গতকাল শনিবার বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) আয়োজিত ১৩তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার ঢাকা কলেজ কেন্দ্র পরিদর্শন শেষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান।

শিক্ষক নিবন্ধনের আগের প্রক্রিয়ার সমালোচনা করে মন্ত্রী বলেন, শিক্ষক নিবন্ধন পরীক্ষা আগেও হয়েছে। তখন সার্টিফিকেট দেওয়া হতো। এ নিয়ে নানা অনিয়মের অভিযোগ আছে। কিন্তু এবারই প্রথম আমরা পিএসসির আদলে মানসম্মত উপায়ে পরীক্ষা নিচ্ছি।

তিনি বলেন, প্রিলিমিনারি পরীক্ষার পর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হলো। যারা উত্তীর্ণ হবেন, তাদের শিক্ষক হওয়ার জন্য পদায়ন করা হবে। খুব দ্রুত লিখিত পরীক্ষার ফল প্রকাশ করা হবে। এরপর মৌখিক পরীক্ষাসহ অন্যান্য আনুষঙ্গিক প্রক্রিয়া শেষ করে আগামী ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৩

## নিজ উপজেলায়

[১৯ পৃষ্ঠার পর]

অক্টোবরের শেষ দিকে চূড়ান্তভাবে উত্তীর্ণদের ফল প্রকাশ করা হবে।

তথ্য অনুযায়ী, এবার সারাদেশ থেকে প্রিলিমিনারিতে ৬ লাখ ২ হাজার ৫৩৩ প্রার্থী স্কুল, কলেজ, মাদ্রাসা ও টেকনিক্যালের পদের জন্য আবেদন করেন। এর মধ্যে মাধ্যমিক ও সমমানের জন্য ১২ আগস্ট ৯০ হাজার ৯৪ জন বাছাইকৃত পরীক্ষার্থীর লিখিত পরীক্ষা হয়েছে। গতকাল উচ্চ মাধ্যমিক ও সমমানের ৫৫ হাজার ৬৯৮ বাছাইকৃত প্রার্থী লিখিত পরীক্ষায় অংশ নেন। এর মধ্য থেকে ১৫ হাজার প্রার্থীকে বর্তমান চাহিদা অনুযায়ী নিয়োগ দেওয়া হবে। শিক্ষামন্ত্রী বলেন, প্রার্থীরা নিজ উপজেলায় পদ না থাকলে নিজ জেলাতে পাবেন, নিজ জেলাতে না হলে বিভাগে নিয়োগ পাবেন।

মন্ত্রী বলেন, অস্থায়ী শিক্ষক দিয়ে কার্যক্রম চালানো যাবে না। যারা সরকারকে শিক্ষকের চাহিদা না দিয়ে অস্থায়ী শিক্ষক দিয়ে কার্যক্রম চালাবেন, সেসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন, এনটিআরসিএর চেয়ারম্যান এএমএম আজহার, ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো. মোয়াজ্জেম হোসেন মোল্লাহ প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।